

চট্টগ্রামে ভাইব্রেন্ট এর শো-রুম উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 07 September, 2021



চট্টগ্রামে ভাইব্রেন্ট এর শো-রুম উদ্বোধন

সারাদেশে পরিধি বিস্তারের ধারাবাহিকতায় গতকাল চট্টগ্রামের ব্যস্ততম প্রাণকেন্দ্র সিডিএ এভিনিউ এর জিইসি মোড়ে ইউনিসকো সিটি সেন্টারে ইউএস-বাংলা গ্রুপের অন্যতম প্রতিষ্ঠান ভাইব্রেন্ট ১৯তম শোরুম উদ্বোধন করছে।

আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন ভাইব্রেন্টের হেড অব মার্কেটিং জনাব শেখ তানভীর তাপস। উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন ইউএস-বাংলা গ্রুপের কর্মকর্তাবৃন্দ।

ভাইব্রেন্ট ইতিমধ্যে সারাদেশে ১৯টি শো-রুম নিয়ে গ্রাহকদের সেবা দিয়ে যাচ্ছে। স্বল্পতম সময়ে গ্রাহকদের গ্রহণযোগ্যতা রূজ্বলনে পাশাপাশি গ্রাহকদের চাহিদা, রুচিশীলতা, আধুনিকতা ও আয়ের সক্ষমতার কথা বিবেচনায় রেখেছে।

প্রায় এক হাজার মডেলের আধুনিক ডিজাইনের পুরুষ, মহিলা ও শিশুদের জন্য বিভিন্ন ডিজাইনের লেদার সামগ্রীসহ পরিধেয় বস্ত্র, লাইফ স্টাইল সামগ্রী সংগ্রহে রাখছে শো-রুম গুলোতে। ভাইব্রেন্ট প্রোডাক্টের মান ও দামের প্রতি বিশেষভাবে লক্ষ্য রেখে গ্রাহকদের উন্নত সেবা প্রদান করার প্রতিজ্ঞা নিয়ে এগিয়ে যাচ্ছে। ভাইব্রেন্ট এর প্রোডাক্ট নিজস্ব ফ্যাক্টরীতে উন্নত প্রযুক্তিতে তৈরী।

ভাইব্রেন্টের কার্যক্রমে গতিশীলতার লক্ষ্যে ভবিষ্যতে প্রত্যেকটি জেলা শহরে উল্লেখযোগ্য সংখ্যক নিজস্ব আউটলেট এমনকি উপজেলা পর্যন্ত ভাইব্রেন্টের বিস্তার ঘটানোর পরিকল্পনা রয়েছে। কম মূল্যে আধুনিকতার ছোঁয়া দিতেই ভাইব্রেন্টের পন্যসামগ্রী দেশব্যাপী ছড়িয়ে দিতে বন্ধপরিবর। গ্রাহকদের সুবিধার্থে প্রত্যেকটি আউটলেটেই ক্যাশ ক্রয় ছাড়াও ভিসা ও মাস্টার কার্ড গ্রহন করা হয়। ইতিমধ্যে অনলাইন এর মাধ্যমেও ভাইব্রেন্টের সকল পণ্য গ্রাহকসেবায় অন্তর্ভুক্ত হয়েছে।

কোভিড-১৯ প্রাদুর্ভাবের কারণে সকল ধরনের স্বাস্থ্যবিধি পরিপালন করে ভাইব্রেন্ট পণ্য সামগ্রী ক্রয় করতে এখন থেকে বিভিন্ন বিক্রয় কেন্দ্রের পাশাপাশি অনলাইনেও সর্বোচ্চ সেবা দিয়ে যাচ্ছে।